

# সমকাল

## ছাত্রলীগের দুই দফা হামলায় পও ছাত্র অধিকারের সম্মেলন

প্রকাশ: ১৭ ফেব্রুয়ারি ২০২৩ | ১২:১৮ | আপডেট: ১৭ ফেব্রুয়ারি ২০২৩ | ১২:১৮

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ছাত্রলীগের হামলায় আহত এক নেতাকে হাসপাতালে নেওয়া হচ্ছে। ছবি-সমকাল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসিতে ছাত্র অধিকারের বার্ষিক সম্মেলনে ছাত্রলীগের দুই দফা হামলার ঘটনা ঘটেছে। শুক্রবার বেলা ১১টার দিকে এই হামলার ঘটনা ঘটে।

জানা যায়, এই হামলায় ছাত্র অধিকার পরিষদের সভাপতি বিন ইয়ামিন মোল্লা ও সাধারণ সম্পাদক আরিফুল ইসলামসহ আরও অনেকে আহত হয়েছেন। আহতদের চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, তাবি শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকতের অনুসারীরা এ হামলা চালান। ছাত্র অধিকারের নেতাকর্মীদের ওপর প্রথমে টিএসসির ডাস চতুরে এবং পরে তাবির কেন্দ্রীয় জামে মসজিদের সামনে দ্বিতীয় দফা হামলা চালানো হয়।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

তারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)